দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 7 FEB 2012 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ১ ...

২০১১ সালের প্রশ্নপত্রে এসএসসি পরীক্ষা

সেনবাগে কেন্দ্র সচিবসহ ৩ শিক্ষককে দায়িত্ব থেকে অব্যাহতি

■ সেনবাগ সংবাদদাতা

এসএসসি বাংলা পরীক্ষায় নোয়াখালীর সেনবাগ উপজেলার ছাতারগাইয়া উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ১৪জন নিয়মিত পরীক্ষার্থীকে ২০১১ সালের প্রশ্নপত্র দিয়ে পরীক্ষা গ্রহণ করায় ওই কেন্দ্র সচিব এ.কে. এম জাফর আহম্মদ পাটোয়ারী ও কক্ষ পরিদর্শক মহাদেব চন্দ্র মজুমদার এবং হারুন উর রশিদকে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। তাছাড়া- বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক জগন্নাথ চন্দ্র সিংহকে পরীক্ষা কেন্দ্র সচিবের দায়িত্ব দেওয়া হয়েছে। এ দুই বিষয় গতকাল সোমবার সেনবাগ উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ আনোয়ার পাশা ইত্তেফাককে নিশ্চিত করেছেন।

এ ব্যাপারে সেনবাগ উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মদ আনোয়ার পাশা জানান, ব্যক্তিগতভাবে বিষয়টি তদন্ত করে কেন্দ্রসচিব ও কক্ষ পরিদর্শকের গাফিলতি ও দায়িত্ব অবহেলার প্রমাণ পান।